# ক্লাস টেস্ট - ১৫

সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।
১। মন্তব্য: অবিলম্বে বাঘা বাগদি আসিয়া কহিল, 'ফটিকদাদা, মা ডাকছে।'
কারণ: ফটিক তার ভাই মাখনকে খেলতে গিয়ে মেরে আধমরা করে দিয়েছিল।
ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।
খ) মন্তব্য ঠিক কিন্তু কারণ ভুল।
গ) মন্তব্য ভুল কিন্তু কারণ ঠিক।
ঘ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।
২। মন্তব্য: স্কুলে ফটিকের মত এত বড় নির্বোধ ও অমনোযোগী বালক ছিল না।
কারণ: ফটিক স্কুলের চার দেওয়ালের মধ্যে থাকা পছন্দ করতো না।
ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।
খ) মন্তব্য ঠিক কিন্তু কারণ ভুল।
গ) মন্তব্য ভুল কিন্তু কারণ ঠিক।
ঘ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।
৩। ফটিকের ঘুড়িটি কেমন ছিল?
লাট্টু / ময়ূরপঙ্খী/ ধাউস/ দাউস।
৪। ফটিক মামার বাড়ি থেকে পালিয়ে যাচ্ছিল-
শহরে/ নিজের গ্রামে/ থানায়/ স্কুলে।
৫। নারী জাতিকে কোন এক শ্রেষ্ঠ দুর্লভ জীব বলে মনে হতো-
ভূলোকের/স্বর্গলোকের/গোলকের/পৃথিবীর।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।
৬। "দেয়ালের মধ্যে আটকা পড়িয়া কেবলই তাহার সেই গ্রামের কথা মনে পড়িত"- উদ্দিষ্ট ব্যক্তির কোথায় এমন মনে হতো? এমন মনে হওয়ার কারণ কী? (২+৩)
৭। "এরূপ প্রত্যাশা করিতে তাহার লজ্জা বোধ হইতে লাগিল।"- এইরূপ প্রত্যাশা বলতে কী বোঝানো হয়েছে? উদ্দিষ্ট ব্যক্তির মনে কেন এমন ভাবনার উদয় হয়েছে? (২+৩)